75

দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 NOV 1998
পৃষ্ঠা কলাম

# রাজধানীতে ভর্তিযুদ্ধ ॥ অভিভাবকদের টার্গেট প্রধান প্রধান স্কুল

ইলিয়াস খান

রাজধানীর সরকারী-বেসরকারী স্কুলগুলোতে নতুন করে ভর্তিযুদ্ধ শুরু হয়েছে। রাজধানীতে আড়াই শতাধিক স্কুল থাকলেও অভিভাবকদের টার্গেট ডজন দুয়েক স্কুল। খ্যাতনামা এ সব স্কুলে সন্তান-সন্ততিকে ভর্তি করার জন্য অভিভাবকদের চলছে প্রাণান্তকর চেষ্টা। নামকরা অধিকাংশ বেসরকারী স্কুলে ইতোমধ্যে ফরম বিতরণ শুরু হয়েছে। বাকিগুলোর ফরম বিতরণ শুরু হবে আগামী মাসের প্রথম দিকে। সরকারী ২৪টি স্কুলের ফরম বিতরণের তারিখ ঘোষণা করা হয়েছে। এ যাবত অভিভাবকগণ শুধু বেসরকারী স্কুলের পিছনেই ছুটেছেন। ফরম বিতরণে তারিখ ঘোষণা করায় নতুন করে ছুটছেন সরকারী স্কুল অভিমুখে। কারণ ভাল স্কুলে ভর্তির জন্য ব্যাপক প্রস্তুতি নিতে হবে। ভর্তি ফরম কেনার পাশাপাশি বিভিন্ন কোচিং সেন্টারে অভিভাবকগণ হন্যে হয়ে ঘুরছেন শিক্ষার্থীদের তৈরি করার জন্য। শুধু একটি বা দু'টি স্কুলের ফরম কিনেই ক্ষান্ত হচ্ছেন না তাঁরা, যেখানে ফরম ছাড়া হচ্ছে, সেখান থেকেই ফরম কিনছেন। যে সব স্কুলে এখনও ফরম ছাড়া হয়নি সে সব স্কুলেও নিয়মিত যোগাযোগ রাখছেন ভর্তি বিষয়ে বিস্তারিত জানার জন্য।

অভিভাবকদের উৎকণ্ঠার অবসান ঘটিয়ে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অধিদফতর ২৪টি সরকারী স্কুলের ভর্তি ফরম বিতরণ ও ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা করেছে। আগামী ২ থেকে ৭ জানুয়ারি পর্যন্ত সরকারী স্কুলের ভর্তি ফরম বিতরণ করা হবে। প্রতিটি ফরমের মূল্য ৪০ টাকা। প্রতিদিন ৮টি করে ২৪টি স্কুলের পরীক্ষা অনুষ্ঠিত হবে ৯, ১০ ও ১১ জানুয়ারি। প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ভর্তিচ্ছুদের পরীক্ষা অনুষ্ঠানের সময় সকাল ১০টা থেকে দুপুর ১২টা, ষষ্ঠ থেকে ৯ম শ্রেণীর পরীক্ষা অনুষ্ঠানের সময় বেলা দেড়টা থেকে বিকাল সাড়ে ৩টা। পরীক্ষা নেয়ার ৩ দিনের মধ্যে ফল প্রকাশ করা হবে।

ভর্তি মৌসুম হিসাবে চলতি নবেম্বর মাসের প্রথম থেকেই রাজধানীর খ্যাতনামা বেসরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। এতে সবচেয়ে অগ্রগামী ভিকারুননিসা নূন স্কুল। এই স্কুলটিতে এ বছর শুধুমাত্র প্রথম শ্রেণীতে ৬শ' ছাত্রী ভর্তি করা হবে। পয়লা নবেম্বর থেকে ৫ নবেম্বর পর্যন্ত ভর্তি ফরম বিক্রি করা হয়েছে। ৬০০ সিটের জন্য ৪ হাজার আবেদনপত্র জমা পড়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে জানুয়ারির প্রথম সপ্তাহে। হলিক্রসে প্রসপেক্টাস বিতরণ শুরু হয়েছে গত ৩০ অক্টোবর। চলবে আজ ৩০ নবেম্বর পর্যন্ত। এই স্কুলে প্রথম ও ষষ্ঠ শ্রেণীতে আসন সংখ্যা ৯৫ করে। ভর্তি পরীক্ষা নেয়া হবে আগামী মাসের ১১ ও ১২ তারিখে। উদয়ন স্কুলে গত ১৬ থেকে ২৬ নবেম্বর পর্যন্ত ফরম বিতরণ করা হয়েছে। প্রথম শ্রেণীতে ১৫০টি সিটের জন্য আবেদন পড়েছে ৮৯৬টি। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১০ ডিসেম্বর। সেন্ট যোশেফ স্কুলে গত ৮ থেকে ২১ নবেম্বর পর্যন্ত তৃতীয় শ্রেণীর ১১০টি আসনের জন্য ফরম বিতরণ করা হয়েছে।

পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী মাসের ১১ তারিখ। আইডিয়াল স্কুলের ফরম বিতরণ শুরু হবে ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে। স্কুলের মতিঝিল ও বনশ্রী উভয় শাখায় ১ম, ২য় ও ৩য় শ্রেণীতে ছাত্র ভর্তি করা হবে। স্কুলের গবর্নিং বডির সভায় সিদ্ধান্ত নেয়া হবে আসন সংখ্যার ব্যাপারে। ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুলে কেজি শ্রেণীতে ৮০ ও প্রথম শ্রেণীতে ৩০টি আসন রয়েছে। কেজির ৮০টির মধ্যে ৫০টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান-সন্ততির জন্য নির্ধারিত এবং বাকি ৩০টি বাইরের লোকের জন্য। এই স্কুলের ফরম বিতরণ করা হবে আগামীকাল পয়লা ডিসেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৫ ও ১৯ ডিসেম্বর।